গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৩২.১৯.৩৪

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৫
০৫ মার্চ ২০১৯

বিষয়: **রিট পিটিশন নং-১৩০২৫/২০১৮ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২৩.১০.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: আবদুল জব্বার, পিতা- সফির উদ্দীন, গ্রাম-পশ্চিম বেগুনবাড়ী, থানা ও জেলা- ঠাকুরগাঁও কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩০২৫/২০১৮ দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার একটি রুল নিশি প্রেরণ করা হয়েছে।

০২. জনাব মো: আবদুল জব্বার কর্তৃক দায়েরকৃত উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্ট এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৮ (আট) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৩. বেগুনবাড়ী ফাজিল মাদরাসা, ঠাকুরগাঁও এর জন্য গভর্ণিং বডির সভাপতি এবং বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন সংক্রান্ত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/র-/২০১৮/৬৪৫৩, তারিখ: ২৯.০৮.২০১৮ খ্রি:-কে তর্কিত আখ্যায়িত করে পিটিশনার জনাব মো: আবদুল জব্বার কর্তৃক রিট পিটিশন ১৩০২৫/২০১৮ মামলাটি দায়ের করা হয় মর্মে রুল নিশিতে উল্লেখ রয়েছে। এ ছাড়া উক্ত স্মারক পত্রের (ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/র-/২০১৮/৬৪৫৩, তারিখ: ২৯.০৮.২০১৮ খ্রি:) মাধ্যমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন,২০১৩ এর বিধান লঙ্ঘন করা হয়েছে মর্মে রুল নিশিতে উল্লেখ করা হয়েছে।

০৪. উক্ত মামলায় শুনানীতে রেসপনডেন্টস এর পক্ষে বিজ্ঞ ডি.এ.জি মি. মো: মকলেসুর রহমান এবং তাঁর সাথে বিজ্ঞ এ.এ.জি মিস সুচিরা হোসেন এবং মিস. সামিরা তারান্নুম রাবেয়া উপস্থিত ছিলেন এবং আবেদনকারীর পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট নূর উস সাদিক উপস্থিত ছিলেন মর্মে রুল নিশিতে উল্লেখ রয়েছে।

০৫. রিট পিটিশন নং-১৩০২৫ মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ২৩ অক্টোবর,২০১৮ খ্রি: তারিখে নিম্নরূপ রুল নিশি জারি করা হয়:

" ... this court doth order and do issue a Rule Nisi calling upon you the aforesaid respondents to show cause on or before the 20th November, 2018, as to why the impugned letter bearing Mwmo no. ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/র-/২০১৮/৬৪৫৩ dated 29.08.2018 (Annexure-B) issued by the respondent No.6, so far nominating Md. Bony Amin as president of the governing body who is headmaster of a non-government school namely Nargun High School, Thakurgaon, should not be declared to be without lawful authority and is of no legal effect and/or such other or further order or orders be passed as to this Court may seem fit and proper."

০৬ এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৩০২৫/২০১৮ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ১৮.০৩.২০১৯ খ্রি: তারিখের মধ্যে বিষয়টি টিএমইডিকে অবহিতির জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫-৩-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

রেজিস্ট্রার,ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়,বাড়ি
নং-৪৪,১২-এ ধানমন্ডি,ঢাকা

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৩২.১৯.৩৪/১(৭)

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৫
০৫ মার্চ ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬) উপসচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭) অফিস কপি, মাস্টার কপি

৫-৩-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)